৩। ঐ বাতির ঐ লেগে কিরণ, ব্রজ নাটু নিল স্মরণ।
(ওরে) তারা জয় হরিবোল হরি বলে,
প্রেমানন্দে যায়রে মাতি।

৪। গোলোক চাঁদ ঐ নামে মেতে, হরিনাম বিলায় জগতে।
(ওরে) তারকচন্দ্র প্রেমের ভাণ্ড,
লিখে গেছে হরিলীলা গীতি ।।

৫। দশরথ গোলোক হীরামন, তারা পেল হরি দর্শন।
(অধম) মুকন্দর নাই সাধন ভজন,
কি হবে তার শেষের গতি ।।

—মুকুন্দ রায়

১৩২ নং

তাল—কাওয়ালী রাগিনী—ভূপালী

জন্ম ল'য়ে ভূমে পড়ি, আমি হরি, আমি হরি,
হরিচাঁদ জন্ম লগ্ন-ক্ষণ।
(তারে) শঙ্খ ধ্বনি, উলুধ্বনি, দিল সে কত রমণী,
মহানন্দে নর-নারীগণ ।।

১। রামকান্তের বরে, যশোবন্তের ঘরে, পূর্ণব্রহ্ম সনাতন।
(ও সে) মধু-কৃষ্ণ-ত্রয়োদশী, শুভ লগ্নে পূর্ণ শশী,
ধরায় ভূমিষ্ঠ তখন ।।

২। দিনে দিনে বাড়ে শিশু, ধরা দেয় না নিজে "প্রভু"
রাখাল বেশেতে মগন।
(ও সে) রত্নডাঙ্গা বিলের কূলে, রাখালিরা খেলাস্থলে,
নাচায় ধেনু মৎসগণ ।।